



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ১৪-০৮-২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

১৫ আগস্ট জাতীয় শোক দিবস। হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের সদস্যদের ৪৬তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে আগামী ১৫ আগস্ট ২০২১ তারিখ বাংলাদেশ ফুটবল ফেডারেশন এর ব্যবস্থাপনায় নিম্নোক্ত কর্মসূচী পালনের সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

- সকাল ৯:০০ ঘটিকা হতে মতিঝিলস্থ বাফুফে ভবনে কোরআন খতম।
- বাদ যোহর ২:১৫ ঘটিকায় মতিঝিলস্থ বাফুফে ভবনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের সদস্যদের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ ও মোনাজাত অনুষ্ঠান।
- বাদ যোহর ২.৩০ ঘটিকায় মতিঝিলস্থ বাফুফে ভবনে গরিব ও দুস্থদের মাঝে খাবার বিতরণ।
- বাদ আসর মতিঝিলস্থ বাফুফে ভবন সংলগ্ন বিলপাড় জামে মসজিদে দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে।

উক্ত শাহাদাত বার্ষিকী উপলক্ষে অনুষ্ঠানসমূহে ইলেকট্রনিক/প্রিন্ট মিডিয়ার সম্মানিত ক্রীড়া সাংবাদিকবৃন্দ এবং ফটো সাংবাদিকবৃন্দসহ সকল ক্রীড়ামোদীদেরকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য আন্তরিকভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

বাংলাদেশ ফুটবল ফেডারেশন

মোঃ আবু নাইম সোহাগ
সাধারণ সম্পাদক